

# বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া'র নির্বাচন সম্পন্ন

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া'র সাধারণ সভা ও নির্বাচন গত ৩১ আগস্ট, রবিবার, সন্ধ্যা ৬ টায় ল্যাকেম্বা স্পোর্টস ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কনভেনেন একেএম শামসুজ্জামান। তিনি সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এরপর তিনি নির্বাচন কমিশনার জনাব শাহ আলম সৈয়দকে নির্বাচন পরিচালনার জন্য দায়িত্ব হস্তান্তর করেন। জনাব শাহ আলম সৈয়দ গামা আব্দুল কাদিরকে সভাপতি ও মনিরুল হক জর্জকে সাধারণ সম্পাদক করে বাংলাদেশ এসোসিয়েশনের ১৪ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদের নাম ঘোষনা করেন এবং তাকে সহযোগিতা করেন মাসুদ চৌধুরী।

## নব-নির্বাচিত কার্যকরী পরিষদঃ

সভাপতি:	গামা আব্দুল কাদির,
সহ-সভাপতি:	ড. আব্দুল ওয়াহাব বকুল,
সাধারণ সম্পাদক:	মনিরুল হক জর্জ,
যুগ্ম-সচিব:	খান আব্দুল বারেক,
কোষাধক্ষ্য:	মনসুরুল রহমান,
সাংস্কৃতিক সম্পাদক:	হাসনা হেনা,
প্রচার সম্পাদক:	লিয়াকত আলী লিটন,
ক্রীড়া সম্পাদক:	মো. আবুল হাছান,
অফিস ও প্রেস সেক্রেটারী:	এএইচএম শহীদ আনোয়ার

## কার্যকরী সদস্যঃ

ব্যারিস্টার মো. সিরাজুল হক, মো. আবুল কালাম খাঁন, মো. মাহবুবুর রহমান  
ড. জাহিদুল ইসলাম, মো. জহিরুল ইসলাম মহসীন

এরপর নব-নির্বাচিত সভাপতি গামা আব্দুল কাদিরের সভাপতিত্বে বক্তব্য রাখেন সদ্য প্রাক্তন সভাপতি রবিন বনিক, ব্যারিস্টার সিরাজুল হক, সহ-সভাপতি ড. আব্দুল ওয়াহাব বকুল ও সাধারণ সম্পাদক মনিরুল হক জর্জ। নব-নির্বাচিত সকল সদস্যই সকল দল-মতের উর্ধ্বে থেকে বাণালি কমিউনিটির সার্বিক উন্নয়নে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

নব-নির্বাচিত কার্যকরী পরিষদ আগামী ১৪ সেপ্টেম্বর, রবিবার মাহে রমজান উপলক্ষে এক ইফতার মাহফিলের আয়োজন করেছে ম্যাট্রিভিল পাবলিক স্কুল মিলনায়তনে এবং সকলকে সংগঠনের পক্ষ থেকে আমন্ত্রন জানিয়েছেন। সবশেষে উপস্থিত সকলকে সংগঠনের পক্ষ থেকে নৈশভোজে আপ্যায়িত করা হয়।



পেছনের সারির বাম থেকে: এ এইচ এম শহীদ আনোয়ার, ব্যারিস্টার সিরাজুল হক, খাঁন আব্দুল বারেক, লিয়াকত আলী লিটন, ড. জাহিদুল ইসলাম, আবুল কালাম খাঁন, জহিরুল ইসলাম মহসীন, মনসুরুল রহমান, গামা আব্দুল কাদির, মনিরুল হক জর্জ, ড. আব্দুল ওয়াহাব বকুল ও মো. আবুল হাছান।

সামনের সারির বাম থেকে : কনভেনেন একেএম সামসুজ্জামান, নির্বাচন কমিশনার শাহ আলম সৈয়দ ও সহকারী নির্বাচন কমিশনার মাসুদ চৌধুরী। ছবিঃ সোনার বাংলা